# 2023

## 4th Semester Examination

## BENGALI (General)

### Paper : DSC 1D/2D-T

### (সাহিত্যতত্ত্ব ও সাহিত্য নির্মাণ কলা)

[CBCS]

Full Marks : 60 Time : Three Hours

*The figures in the margin indicate full marks. Candidates are required to give their answers in their own words as far as practicable.*

### বিভাগ - ক

যে কোনো ***দশটি*** প্রশ্নের উত্তর দাও। ২×১০=২০

১। ‘কাব্যজিজ্ঞাসা’র প্রবন্ধগুলি কোন্ পত্রিকায় কত সালে প্রথম প্রকাশিত হয়?

২। আনন্দবর্ধনের আবির্ভাবকাল কোন্ শতকে? তিনি কোন্ গ্রন্থের কোন্ অংশের লেখক?

৩। ভরতের নাট্যশাস্ত্রের ‘অভিনবভারতী’ নাম ভাষ্যের রচয়িতা কে? তিনি কোন্ শতকে এই ভাষ্য রচনা করেছিলেন?

৪। নিম্নলিখিত গ্রন্থ দু'টির রচয়িতা কোন্ কোন্ আলংকারিক?

(ক) কাব্যালংকার সূত্রবৃত্তিঃ (খ) বক্রোক্তিজীবিতম্

P.T.O.

৫। ভরতের 'নাট্যশাস্ত্র'-এ কয়টি স্থায়ীভাবের কথা বলা হয়েছে? স্থায়ীভাবগুলির নাম লেখো।

৬। আচার্য ভোজ কয়টি ও কী কী রীতির কথা বলেছেন?

৭। কুন্তক রীতির কোন্ নতুন নামকরণ করেছিলেন? এই নাম তিনি কোন্ আলংকারিকের কাছ থেকে গ্রহণ করেছিলেন?

৮। অক্ষর কাকে বলে? অক্ষর কয় প্রকার ও কী কী?

৯। লয় কাকে বলে? মিশ্র কলাবৃত্ত ছন্দ কোন্ লয় আশ্রিত?

১০। মাত্রা কাকে বলে? দলবৃত্ত ছন্দে প্রতিটি অক্ষর কত মাত্রার?

১১। শ্বাসাঘাত কাকে বলে? একটি উদাহরণ দাও।

১২। বৃত্তানুপ্রাস কাকে বলে? একটি উদাহরণ দাও।

১৩। একটি উদাহরণের সাহায্যে 'মধ্যযমক' অলংকার কাকে বলে বুঝিয়ে দাও।

১৪। 'লুপ্তোপমা' অলংকার কাকে বলে? 'লুপ্তোপমা' অলংকারের একটি উদাহরণ দাও।

১৫। 'এ ব্রহ্মাণ্ড ঝুলে প্রকাণ্ড রঙ্গীন মাকাল ফল' — এই কবিতাংশের উপমেয় এবং উপমান কোন্‌টি তা লেখো।

## বিভাগ - খ

যে কোনো *চারটি* প্রশ্নের উত্তর দাও। ৫×৪=২০

১৬। বৈয়াকরণ ও নৈয়ায়িকরা শব্দের কয়টি ও কী কী শক্তি বা বৃত্তির কথা বলেছেন? উদাহরণসহ শব্দ শক্তির পরিচয় দাও।

১৭। অবিবক্ষিত বাচ্য ধ্বনি কাকে বলে? অবিক্ষিত বাচ্য ধ্বনির শ্রেণী উদাহরণসহ আলোচনা করো।

১৮। উদাহরণসহ ছেদ ও যতির পার্থক্য সংক্ষেপে লেখো।

১৯। ছন্দোলিপি নির্মাণ করো।

সন্ধিলগ্ন ফিরেছে সগৌরবে,

অধরা আবার ডাকে সুধা সংকেতে;

মদ মুকুলিত তারই দেহ সৌরভে

অনামা কুসুম অজানায় ওঠে মেতে।

২০। উদাহরণসহ সমাসোক্তি ও রূপক অলংকারের তুলনামূলক আলোচনা করো।

২১। যথাযথ ব্যাখ্যাসহ অলংকার নির্ণয় করো।

(ক) "গন্ধটুকু সন্ধ্যাবায়ে রেখার মত রাখি।"

(খ) "লুটায় মেখলাখানি ত্যজি কটিদেশ মৌন অপমানে।"

## বিভাগ - গ

যে কোনো ***দু'টি*** প্রশ্নের উত্তর দাও। ১০×২=২০

২২। ধ্বনি কাকে বলে? উদাহরণসহ ধ্বনির প্রকারভেদ আলোচনা করো।

২৩। বিভাব-অনুভাব-ব্যাভিচারীভাবের সংযোগে কিভাবে রস নিষ্পত্তি ঘটে তা উদাহরণসহ সংক্ষেপে বিবৃত করো।

P.T.O.

২৪। মাত্রাবৃত্ত বা কলাবৃত্ত ছন্দ কাকে বলে? এই ছন্দের বৈশিষ্ট্যগুলি উদাহরণসহ আলোচনা করো।

২৫। উপমা অলংকারের শ্রেণিকরণ করে সংজ্ঞা ও উদাহরণসহ প্রত্যেকটি বিভাগের পরিচয় দাও।

---